# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
## গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ

e-mail: xen.bwdb.gopalganj@gmail.com
ফোন+ফ্যাক্স ০২-৪৭৮৮২১১০০ (অফিস)

স্মারক নং-৪২.০১.৩৫০০.০০০.৪৭৪.৯৯.০০০১.২৬-২৯ তারিখঃ ১৫-০৭-২০২৬ইং।

**"সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১) (ঘ) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৯; তারিখঃ ১২-০১-২০২২খ্রিঃ মোতাবেক সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। ইতিপূর্বে তালিকাভুক্ত ঠিকাদারদের মধ্যে যারা ২০২৬-২৭ অর্থ বছরে ঠিকাদার তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন করতে ইচ্ছুক তাদেরকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নতুন তালিকাভুক্ত ও তালিকাভুক্ত লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের আবেদন গ্রহণ/বিক্রয় করা হবে না।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রনালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী (পুর), গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | (১) বৈধ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট, (৩) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, (৪) NID কার্ডের ফটোকপি, (৫) বাপাউবোর নির্ধারিত ফরমে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা, (৬) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট কার্য এর জন্য ২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য এর জন্য ৫.০০ লক্ষ টাকা **(বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে)।** |
| ৫। | আবেদন ফি (তালিকাভুক্তি ও নবায়ন) | আবেদন ফরম ফি বাবদ-৫০০/-(পাঁচশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর অথবা Accounts Officer, Regional Accounts Center, BWDB, Faridpur এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ৬। | তালিকাভুক্তির নিবন্ধন ফি | নতুন তালিকাভুক্তির নিবন্ধন ফি বাবদ অফেরৎযোগ্য ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং সরকার নির্ধারিত ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর অথবা Accounts Officer, Regional Accounts Center, BWDB, Faridpur এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। **(একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে তালিকাভুক্তি নিবন্ধন ফি ৩০০০.০০ (তিন হাজার) ও সরকার নির্ধারিত ১৫% ভ্যাট বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ))** |
| ৭। | নবায়ন ফি | নবায়নের ফি বাবদ অফেরৎযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং সরকার নির্ধারিত ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার পৃথক ২টি অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর অথবা Accounts Officer, Regional Accounts Center, BWDB, Faridpur এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। **(একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে তালিকাভুক্তি নিবন্ধন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) ও সরকার নির্ধারিত ১৫% ভ্যাট বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ))** |
| ৮। | আবেদন পত্র প্রাপ্তির স্থান | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী (পুর), গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ। |
| ৯। | ফরম বিক্রয়ের আরম্ভের তারিখ | ১৬/০৭/২০২৬ খ্রিঃ, সকাল ৯.০০ ঘটিকা |
| ১০। | ফরম বিক্রয়ের শেষ তারিখ | ৩১/০৮/২০২৬খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা |
| ১১। | নতুন তালিকাভুক্তির/ নবায়নের আবেদন জমাদানের শেষ তারিখ | ০১/০৯/২০২৬খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা |
| ১২। | আবেদন পত্র দাখিল | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী (পুর), গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ দপ্তরে দাখিল করতে হবে। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

(মোঃ আনিস হায়দার খান)
নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
আইডি নং-৯৪০৫১০০০১।

স্মারক নং-৪২.০১.৩৫০০.০০০.৪৭৪.৯৯.০০০১.২৬-২৯ তারিখঃ ১৫-০৭-২০২৬ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪) জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫ ) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৬) সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীনরোড, ঢাকা। (তালিকাটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানিভবন, ঢাকা।
৮) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর।
৯) উপ-বিভাগীয় প্রকৌশলী, গোপালগঞ্জ সদর/টুঙ্গিপাড়া/কাশিয়ানী পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ।
১০) প্রাক্কলনিক, গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তির ফরম বিক্রয় ও গ্রহণ এবং নবায়নের ফিসহ নবায়নের আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১১) দপ্তর কপি।

নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
আইডি নং-৯৪০৫১০০০১।